

# নবদ্বীপ পৌরসভা

নবদ্বীপ : নদীয়া

কোটেশন নং-০৭/পি,ডব্লিউ,ডি,কিউ/২০২২-২০২৩

তাং-১৪-১০-২০২২

এতদ্বারা নবদ্বীপের ঠিকাদার ও অন্যান্য আগ্রহীগণের নিকট হইতে রাসযাত্রা উপলক্ষে পৌর এলাকা অন্তর্গত প্রতিমা চলাচলের সকল রাস্তার উপরে এবং পার্শ্বে যে সমস্ত গাছের ডাল বা গাছ প্রতিমা চলাচলের কোনরূপ অসুবিধা ঘটাইতে পারে সেইগুলি কাটিয়া অপসারণ করিবার জন্য দর আহ্বান করা যাইতেছে।

যাহারা দর দাখিল করিতে ইচ্ছুক তাহারা উক্ত কার্যের মোট দর উল্লেখ করিয়া গাছের ডাল ও গাছ কাটিবার জন্য দরপত্র শীর্ষাঙ্কিত মুখবন্ধ সীল করা খামে সাদা কাগজে উক্ত দরপত্র ২১/১০/২০২২ বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষর-কারীর নিকট দর দাখিল করিতে পারিবেন এবং ঐ দিন ২.৩০ ঘটিকায় কোটেশন খোলা হইবে। প্রকাশ থাকে যে কার্যাদেশ প্রাপ্তির ৪৮ ঘণ্টার মধ্যে কার্য আরম্ভ করিতে হইবে। কার্যারম্ভের পূর্বে প্রতিদিন কার্যের এলাকা লিখিতভাবে জানাইতে হইবে। ইংরাজী ০৪/১১/২০২২ তারিখের মধ্যে সন্তোষজনকভাবে কার্য শেষ করিতে হইবে এবং ১১/১১/২০২২ তারিখ রাত্রি ১০ ঘটিকা পর্যন্ত অত্র পৌরসভা অফিসের সহিত যোগাযোগ রক্ষা করিয়া শেষ মুহূর্তের মত কার্য সম্পাদন করিবার জন্য প্রস্তুত থাকিতে হইবে।

অন্যান্য আরও কিছু জানিবার থাকিলে অত্র অফিসের পূর্ত বিভাগে জানা যাইবে।

অনুলিপি প্রেরিত হইল :-

- ১। উপ-পৌর প্রধান, নবদ্বীপ পৌরসভা।
- ২। অবর সহ-বাস্তুকার, নবদ্বীপ পৌরসভা।
- ৩। অর্থ-আধিকারিক, নবদ্বীপ পৌরসভা।
- ৪। বিজ্ঞপ্তি জারির স্থান।

পৌরপতি  
নবদ্বীপ পৌরসভা

পৌরপতি  
নবদ্বীপ পৌরসভা